



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৮/৯৮৫

তারিখ : ০৮.১০.২০১৮খ্রি.

বিষয় : সাউদার্ন রেসিডেন্সিয়াল কলেজ(১৩৭৬২৬), পাংশা, বাবুগঞ্জ, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে কার্যক্রম না থাকার কারণে পাঠদানের অনুমতি বাতিল প্রসঙ্গে

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৭.১০.২০১৮ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, সাউদার্ন রেসিডেন্সিয়াল কলেজ (১৩৭৬২৬), পাংশা, বাবুগঞ্জ বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে বর্তমান কার্যক্রম সম্পর্কে তথ্য জানতে চেয়ে এ বোর্ডের স্মারক নং- ৯৫২, তারিখ: ১৭.০৯.২০১৮ পত্র দেয়া হলে অধ্যক্ষের স্মারক নং- ১০, তারিখ: ০২.১০.২০১৮ পত্রে জবাব প্রেরণ করেন। জবাবে তিনি উল্লেখ করেন- কলেজটি বাবুগঞ্জ উপজেলার পাংশা একটি ভাড়া বাড়িতে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কার্যক্রম শুরু করে, কিন্তু বাড়িভাড়া সংক্রান্ত জটিলতার কারণে উল্লেখিত কলেজটির বর্তমান কার্যক্রম অস্থায়ীভাবে লুৎফর রহমান সড়কে পরিচালিত হচ্ছে। ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি করা সম্ভব হয়নি বলে পত্রে উল্লেখ করেন।

কলেজটিতে পাঠদানের সময় পরিদর্শন কর্মকর্তার ০৯.০৪.২০১৫ তারিখের স্বাক্ষরিত প্রতিবেদনে উল্লেখ করেন কলেজটি প্রতিষ্ঠার জন্য কলেজের নামে ০.১০ একর জমি আছে এবং উক্ত জমির উপরে পাঁচতলা ফাউন্ডেশন করে ৪০০০(চার হাজার) বর্গফুট আয়তনের একতলার কাজ সম্পন্ন হয়েছে।


এ থেকে বোঝা যায় যে- প্রতিষ্ঠানটি নিজস্ব জমিতে স্থাপিত এছাড়াও প্রতিষ্ঠানটি বাবুগঞ্জ উপজেলায় যার কারণে প্রতিষ্ঠানটির স্থাপন এলাকার জনসংখ্যা ও দূরত্ব সনদ বাবুগঞ্জ উপজেলা প্রশাসন থেকে প্রাপ্ত। সার্বিক বিবেচনায় বাবুগঞ্জ উপজেলার নিকবর্তী প্রতিষ্ঠানের দূরত্ব ও জনসংখ্যা এবং জমির ভিত্তিতে কলেজটিতে পাঠদানের অনুমতি প্রদান করা হয়।

অধ্যক্ষ মহোদয়ের আবেদনে উল্লিখিত তথ্য সত্য নয় বলে প্রতীয়মান হয়। এছাড়া ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে পাঠদানের অনুমতি পেলেও ঐ শিক্ষাবর্ষে তিনজন শিক্ষার্থীর নিবন্ধন হলে কলেজ কর্তৃপক্ষ কলেজের কার্যক্রম নাই বলে তিনজন শিক্ষার্থী অন্যত্র ছাড়পত্র নিতে বাধ্য হয়।

এ বোর্ডের স্মারক নং- ২৯৫, তারিখ: ২৭.০৪.২০১৫ পত্রে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে পাঠদানের অনুমতি দেয়া হলেও অদ্যবধি প্রতিষ্ঠানে কোন কার্যক্রম নাই। সার্বিক বিবেচনায় প্রতিষ্ঠানটির বর্তমানে কোন অস্তিত্ব নাই।

এমতাবস্থায় সাউদার্ন রেসিডেন্সিয়াল কলেজে কোন কার্যক্রম না থাকার কারণে উক্ত প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতিসহ সকল কার্যক্রম বাতিল করা করা হলো।

উল্লেখ্য, উক্ত কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী ভর্তি করে থাকলে তা পাশ্ববর্তী কলেজে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করার জন্য বলা হলো।


০৮-১০-২০১৮

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

অধ্যক্ষ

সাউদার্ন রেসিডেন্সিয়াল কলেজ

পাংশা, বাবুগঞ্জ, বরিশাল

সদয় অবগিত ও কার্যার্থে অনুলিপি:

- ৩। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা
- ৬। জেলা প্রশাসক, বরিশাল
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৯। সিস্টেম এ্যানালিস্ট, বশিবো
- ১০। সংরক্ষণ নথি